

একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

বাজেট ও অডিট শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.minland.gov.bd

স্মারক নং.- ৩১.০২.০০০০.০৩৮.১৫.০২১.১৬.১৯২

তারিখ: ১৩/১১/২০১৭ খ্রি.

বিষয় : ই-নামজারী বাস্তবায়নের লক্ষ্যে সার্ভার ক্রয়ের জন্য ২,৫৬,৫১,০০০/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ সংক্রান্ত।


সূত্র : ভূমি সংস্কার বোর্ড এর স্মারক নং- ৩১.০২.০০০০.০১৭.০১.০০১.১৭.৬১, তারিখ: ২৭/০৮/২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সরকারের ডিশন ২০২১ অর্জন তথা ডিজিটাল বাংলাদেশ বিল্ডিং ভূমি সংশ্লিষ্ট সকল সেবা জনগণের কাছে সহজলভ্য করতে ভূমি সংস্কার বোর্ড, ভূমি মন্ত্রণালয়ের অধীনে থেকে উপজেলা এবং ইউনিয়ন ভূমি অফিসে আইটি নেটওয়ার্কিং কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য নিরন্তর কাজ করে চলেছে। গত ০৭-০২-২০১৬ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত ভূমি তথ্য ও সেবা কাঠামো সংক্রান্ত কমিটির সভায় এ মর্মে সিদ্ধান্ত হয় যে, ভূমি সংস্কার বোর্ডের নেতৃত্বে a2i কর্তৃক তৈরীকৃত ইলেকট্রনিক পদ্ধতিতে অনলাইনে নামজারী কার্যক্রম পরিচালনার জন্য ই-নামজারী সিস্টেম দ্রুত পাইলট আকারে বাস্তবায়নের কার্যক্রম শুরু করতে হবে। তৎপ্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ড LIMS(Land information Management System) সফটওয়্যারটি সারাদেশে চালুর নিমিত্ত প্রাথমিকভাবে ১৩ টি উপজেলা/সার্কেল ভূমি অফিস এবং প্রতিটি উপজেলা/সার্কেল ভূমি অফিসের অধীন দু'টি করে ইউনিয়ন/পৌর/সার্কেল ভূমি অফিসে পাইলটিং এর কাজ শুরু করে। বিগত ৪ আগস্ট ২০১৬ তারিখে পাবনা জেলার ইশ্বরদী উপজেলা ভূমি অফিসে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মাননীয় ভূমি মন্ত্রী জনাব শামসুর রহমান শরীফ(এম.পি)।

২। ই-নামজারী কার্যক্রম সারাদেশে চালুর লক্ষ্যে গত ০২/১১/২০১৬ তারিখ a2i এবং ভূমি সংস্কার বোর্ডের মধ্যে একটি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। বর্তমানে সারাদেশে ৫৪ টি উপজেলায় ই-নামজারী কার্যক্রম চালু আছে। আগামী ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে আরও ৫০ টি উপজেলায় ই-নামজারী চালু প্রক্রিয়াবীন রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয় এর নির্দেশনা'জুন ২০১৮ এর মধ্যে সারাদেশে ই-নামজারী চালু করতে হবে'। সেলক্ষ্যে ০২/০৮/২০১৭ তারিখ হতে সিস্টার ট্রেনারদের প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা হয়েছে। ই-নামজারী কার্যক্রম সফল বাস্তবায়নের লক্ষ্যে জনশক্তির প্রশিক্ষণের পাশাপাশি প্রয়োজনীয় অবকাঠামো বিল্ডিংয়ের অংশ হিসেবে নতুন সার্ভারস্থাপন কার্যক্রম। গত ০৩/০৮/২০১৭ তারিখে ভূমি সংস্কার বোর্ড, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তার সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ই-নামজারী কার্যক্রম সফল বাস্তবায়নের লক্ষ্যে ১২ টি ডেডিকেটেড সার্ভার(Dedicated server) ক্রয়ের নিমিত্ত ২,৫৬,৫১,০০০.০০(দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা প্রয়োজন। ভূমি সংস্কার বোর্ডের ০৯/০৮/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার ৮ নং অনুচ্ছেদে বর্ণিত সিদ্ধান্তের আলোকে ৪৬০৭-ভূমি সংস্কার বোর্ডের অধীন ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় খাতভুক্ত ৬৮১৫-কম্পিউটার ও যন্ত্রাংশ উপধাতে ১২ টি সার্ভার ক্রয়ের নিমিত্ত মূল বরাদ্দের অতিরিক্ত হিসেবে ২,৫৬,৫১,০০০(দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা বরাদ্দের জন্য অনুরোধ করেছেন।

(চলমান পাতা-২)

৩। এমতাবস্থায়, ই-নামজারী কার্যক্রম সারাদেশে চালুর লক্ষ্যে ৪৬০৭-ভূমি সংস্কার বোর্ডের অধীন ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় খাতভুক্ত ৬৮১৫-কম্পিউটার ও যন্ত্রাংশ উপখাতে ১২ টি সার্ভার ক্রয়ের নিমিত্ত মূল বরাদ্দের অতিরিক্ত হিসেবে ২,৫৬,৫১,০০০(দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


২৫/১১/২০১৭

(মোছাঃ সেলিনা সুলতানা)

সহকারী সচিব

ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

সংযুক্তি-বর্ণনামত।

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃঃআঃ- উপসচিব, অধিশাখা-বাজেট-১৮,


অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)

স্মারক নং.- ১১.০২.০০০০.০৩৮.১৫.০২১.১৬.১৯২/১(৫)

তারিখ: ১৩/১১/২০১৭ খ্রি.

অনুলিপি সদস্যবৃন্দসমূহের:

- ০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০২। উপসচিব, অধিশাখা-২(মাঠপ্রশাসন), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৬। অফিস কপি।
- ০৭। মাস্টার কপি।


২৫/১১/২০১৭

(মোছাঃ সেলিনা সুলতানা)

সহকারী সচিব

ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

৫

৫

৫

৫

৫

৫

৫

৫

৫

৫

৫

৫

৫

৫